দামুড়হুদার ডুগডুগী বাজারে সাংবাদিকদের তৎপরতায় ট্রাকসহ চুরি হওয়া গম উদ্ধার

দামুড়হুদা উপজেলার ডুগডুগী বাজারে রাতে অবস্থানকৃত ট্রাক থেকে তিন বস্তা গম চুরি হয়ে গেলে তা সাংবাদিকদের তৎপরতায় উদ্ধার করা হয়েছে। গতকাল রবিবার সকাল ৭টার দিকে ডুগডুগী গ্রামের হাট পাড়া থেকে চুরিকৃত গম উদ্ধার করা হয়।

অভিযুক্তরা হলো, ডুগডুগী বাজারের নাইটগার্ড নিজাম ও তৈয়ব আলী, অপরদিকে গম চোর ডুগডুগী হাটপাড়ার নজু’র ছেলে হাসান (২৬) ও তার সহযোগীরা।

স্থানীয় ও সরজমিনে জানাগেছে, শনিবার যশোর নওয়াপাড়া থেকে সাড়ে ২৩ টন গম লোড করে চুয়াডাঙ্গা হাতিকাটার উদ্দেশ্যে রওনা হয় ডুগডুগী গ্রামের মৃত ওহাব আলীর ছেলে ট্রাক ড্রাইভার হামিদ আলী। ট্রাকে থাকা প্রতিটি গমের বস্তা ছিলো প্রায় ৭০ কেজি ওজনের। রাত ১২টার দিকে ডুগডুগী বাজারে পৌঁছে যাত্রা বিরতি করে এবং নাইট গার্ডদের হেফাজতে গম ভর্তি ট্রাকটি বাজারে রেখে বাড়ি চলে যাই ড্রাইভার। সকাল ৬টার দিকে হামিদ ডুগডুগী বাজারে ট্রাকের কাছে এসে দেখে ট্রাকের কাছে ছড়ানো ছিটানো ভাবে গম পরে আছে। ভালো করে গাড়ি চেক করে দেখাযাই ট্রাকের হুডের কাছ থেকে দড়ি খুলে তিন বস্তা গম চুরি করে নিয়ে গেছে চোরের দল। মাথায় যেনো বাজ পরে ট্রাক ড্রাইভারের। হতভম্ব হয়ে যাই তিনি। কি করবে কিছু বুঝতে পারেনা। গরীব ট্রাক ড্রাইভার এদিক ওদিকে খুঁজা খুঁজি করতে থাকে। অনেক খুঁজাখুজি করেও গম পাওয়া যায় না।

এসময় খবর পেয়ে সাংবাদিকরা ঘটনাস্থল পরিদর্শন করেন এবং সাথে সাথে ডুগডুগী বাজার কমিটিকে জানানো হয়। ডাকা হয় নাইটগার্ডদের, কিন্তু নাইটগার্ডরা বলে আমরা কিছু জানিনা এবং দেখিনি। তখন সাংবাদিকরা পরে থাকা গম অনুসরণ করতে করতে ডুগডুগী হাট পাড়ায় পৌঁছে যায়। সেখানে সর্বশেষ গম পরে থাকতে দেখে স্থানীয় গণ্যমাণ্য ব্যক্তি বর্গ ও বাজার কমিটির লোকজন দিয়ে কয়েকটি বাড়ি চেক করলে হাসানের জিম্মা থেকে ট্রাক থেকে চুরি যাওয়া তিন বস্তা গম উদ্ধার করা হয়। তখন উপস্থিত লোকজনের সামনে নাইটগার্ডদের জিজ্ঞাসা বাদের এক

তারা নিজেরাই চোরের থেলেন্দার হয়ে যায়। তাই এলাকাবাসী ও বাজার ব্যাবসায়ীরা সরজমিনে তদন্ত পূর্বক প্রশাসনের কঠোর হস্তক্ষেপ কামনা করেন।

এবিষয়ে ডুগডুগী বাজার কমিটির সাধারণ সম্পাদক শ্রী মদন ঘোষ বলেন, সকালে বাজারে এসে গম চুরির ঘটনা জানতে পারি। আমরা বাজারের সবাইমিলে নাইটগার্ড নিজাম কে চাপ প্রয়োগ করলে সে বলে আমি হাসান কে গম চুরি করে নিয়ে যেতে দেখেছি। সে মোতাবেক হাসানের জিম্মা থেকে গম উদ্ধার করে ট্রাক ড্রাইভার হামিদ কে বুঝিয়ে দেওয়া হয়। গম উদ্ধার হওয়ার কারনে তাৎক্ষণিক ভাবে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হয়নি, তবে আমাদের মিটিংয়ে এ বিষয়ে সকলের পরামর্শ মোতাবেক ব্যাবস্থা গ্রহণ করা হবে।

দামুড়হুদার ডুগডুগী বাজারে দুটি প্রতিষ্ঠানকে জরিমানা

জাতীয় ভোক্তা অধিকার কর্তৃক দামুড়হুদার ডুগডুগী বাজার তদারকি ও দুটি প্রতিষ্ঠানে জরিমানা করা হয়েছে। আজ সোমবার বেলা ১২টার দিকে।

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, চুয়াডাঙ্গা জেলা কার্যালয় কর্তৃক দামুড়হুদা উপজেলার ডুগডুগী বাজারে অভিযান পরিচালিত হয়। অভিযানে কাঁচা বাজার,মাছ, মাংস, খাবার হোটেলসহ নিত্যপ্রয়োজনীয় পণ্যের প্রতিষ্ঠানে তদারকি করেন।

এসময় শ্রী অশিত দধি ভান্ডারে অস্বাস্থ্যকর পরিবেশে খাবার পরিবেশন ও মূল্য তালিকা না থাকায় ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ অনুযায়ী দশ হাজার টাকা জরিমানা করা হয় ও মেসার্স ডুগডুগী ভান্ডারে কাঁচা মালের মূল্য তালিকা না থাকায় ভোক্তা অধিকার সংরক্ষণ আইনের একই ধারায় পাঁচ হাজার টাকা জরিমানা করা হয়েছে। অভিযানে ০২টি প্রতিষ্ঠানকে মোট ১৫,০০০/- টাকা জরিমানা করা হয়। এসময় ডুগডুগী কাচা বাজার,মাছ, মাংস, খাবার হোটেলসহ নিত্যপ্রয়োজনীয় পণ্য তদারকি করা হয় এবং সবাইকে মুল্যতালিকা

প্রদর্শন, ক্রয় বিক্রয় ভাউচার সংরক্ষণ ও সরকার নির্ধারিত মুল্যে পণ্য বিক্রয়ের ব্যাপারে সতর্ক করা হয় ও সচেতনতামূলক লিফলেট বিতরণ করা হয়।

অভিযান পরিচালনা করেন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের চুয়াডাঙ্গা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সজল আহম্মেদ। এসময় সহযোগিতায় ছিলেন দামুড়হুদা উপজেলা স্যানিটারি ইন্সপেক্টর মো: আনিসুর রহমান ও চুয়াডাঙ্গা জেলা পুলিশের একটি টিম। জনস্বার্থে এ অভিযান অব্যাহত থাকবে।

দামুড়হুদার ডুগডুগী বাজারে বালুভর্তি ট্রাকে প্রাইভেট কারের ধাক্কা ; আহত ১

দামুড়হুদা ডুগডুগী বাজারে বালুভর্তি ট্রাকের পেছনে গভীররাতে প্রাইভেট কারের ধাক্কায় আহত হয়েছেন ১ জন।

শনিবার দিবাগত রাত ৩টার দিকে রাস্তার উপর দাড়িয়ে থাকা বালুভর্তি ট্রাকের পেছনে এসে সরাসরি ধাক্কা দিলে এই দূর্ঘটনা ঘটে। আহত ব্যক্তি হলেন দামুড়হুদা উপজেলার দর্শনা পুরাতন বাজার পাড়ার মৃত ইমরান খান এর ছেলে মোঃ রানা খান (৩৯)।

স্থানীয় ও পুলিশ সুত্রে জানাগেছে, দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের ডুগডুগি বাজার পশুরহাটের সামনে পাকা রাস্তার উপর একটি বালুভর্তি ট্রাক যান্ত্রিক ত্রুটির কারণে সিগনাল জ্বালিয়ে আগে থেকেই দাড়িয়ে ছিলো। শনিবার রাত আনুমানিক ৩ টার দিকে দামুড়হুদা থেকে প্রাইভেট কারটি দর্শনার দিকে যাচ্ছিল। এমতাবস্থায় ডুগডুগি বাজারে পৌঁছালে নিয়ন্ত্রণ হারিয়ে বালু ভর্তি ট্রাকের পিছনে প্রাইভেট কার টি সজরে ধাক্কা মারে। সাথে সাথে প্রাইভেট কার টি দুমড়ে মুছরে যায়।

সংবাদ পেয়ে দামুড়হুদা মডেল থানার ওসি তদন্ত শফিকুল ইসলাম

ঘটনাস্থল পরিদর্শন করেন। পুলিশ ও ডুগডুগি বাজারের নাইটগার্ড সহ স্থানীয় লোকজন আহত প্রাইভেট কারের ড্রাইভার রানা’কে উদ্ধার পূর্বক চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে যায়। আহত ব্যক্তি এখন চুয়াডাঙ্গা সদর হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় রয়েছে। বালু ভর্তির ট্রাক এবং প্রাইভেটকারটি দামুড়হুদা মডেল থানা পুলিশের হেফাজতে রয়েছে।

দামুড়হুদা মডেল থানার ওসি (তদন্ত) শফিকুল ইসলাম বলেন, প্রাইভেট কারটি পিছন থেকে এসে বালু ভর্তি মেন রাস্তায় দাঁড়িয়ে থাকা ট্রাকের পিছনে এসে সজোরে ধাক্কা মারে। রাতেই পুলিশ ঘটনাস্থলে এসে দ্রুত আহতকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে প্রেরণ করেন। এখনো পর্যন্ত কেউ কারো নামে কোন অভিযোগ করেনি।

দামুড়হুদা ডুগডুগী বাজারে পল্লী বিদ্যুৎতের ৩টি ট্রান্সফার্মা চুরি

দামুড়হুদা ডুগডুগী বাজারে শাকিল রাইচ মিলের সংযোগকৃত পোলের প্রায় আড়াই লক্ষ টাকা মূল্যের ৩টা ট্রান্সফার্মা চুরি হয়েছে।

মঙ্গলবার আনুমানিক রাত ৮টা থেকে ভোর ৫টার মধ্য সময়ে চুরি হয় বলে জানাগেছে। শাকিল উপজেলার লোকনাথপুর বাস স্ট্যান্ড পাড়ার মৃত মজিবর রহমানের ছেলে।

সরজমিনে স্থানীয় সুত্রে জানাযায়, দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের ডুগডুগী গ্রামের গোরস্তানের অদূরে দামুড়হুদা দর্শনা মহাসড়কের পাশে শাকিল রাইচমিলের পল্লী বিদ্যুতের সংযোগকৃত দর্শনা- ২বি ৫২০৩০১ নং পোলের প্রায় আড়াই লক্ষ টাকা মূল্যের ৩টা ট্রান্সফার্মা চুরি করে নিয়ে যাই চোরের দল।

পোল থেকে ট্রান্সফার্মার হেঙ্গারের হ্যাজবল খুলে নিচে মাটিতে নামিয়ে ট্রন্সফর্মার ভেতরে থাকা তামা ও তেল নিয়ে পালিয়ে যাই

তারা। এসময় ট্রন্সফর্মার ক্যাচিং ও ভিতরে থাকা টিনের কোর ফেলে গেছে। চুরির সময় ট্রন্সফর্মায় দড়ি বেঁধে নিচে নামিয়েছে। প্রতিটি ট্রন্সফর্মার মূল্য ৭৫ হাজার ৮শত ৫০ টাকা।

সকাল ৭টার দিকে রাইস মিলের হেলপার মনিরুল ইসলাম মিলটি খোলে। তখন বিদ্যুৎ ছিল না। সে মনে করেছিল হয়তো বিদ্যুৎ চলে গেছে। এরপর সকাল ৮টার দিকে রাইচ মিলের মিস্ত্রি দর্শনা আজিমপুরের শ্রী ঈশ্বর অরুন চন্দ্র বিশ্বাস এর ছেলে শ্রী উত্তম চন্দ্র রাইস মিলে প্রতিদিনের ন্যায় কাজ করতে আসে। এসে দেখে বিদ্যুৎ নাই। সেও ভেবেছিল হয়তো বিদ্যুৎ চলে গেছে। সকাল সাড়ে ৯টার দিকে লোকনাথপুর গ্রামের রাসেল শাহ্’র মাধ্যমে প্রথম জানতে পারে সংযোগকৃত বৈদ্যুতিক পোলের ৩টি ট্রান্সফরমা চুরি হয়ে গেছে। খবরপেয়ে দামুড়হুদা মডেল থানা পুলিশ এবং পল্লী বিদ্যুতের দর্শনা অফিসের লোকজন ঘটনাস্থল পরিদর্শন করেন।

দর্শনা পল্লী বিদ্যুৎ অফিসের লাইন ম্যান ইমরান হোসেন বলেন, এটা পরিকল্পিত চুরি। আমরা ঘটনাস্থল পরিদর্শন করেছি। মেন লাইনের কাটাউট খুলে সংযোগ বন্ধ করে এই চুরি করেছে। ট্রন্সফর্মারের হেঙ্গারের হ্যাজবল খুলে নিচে মাটিতে নামিয়ে ট্রন্সফর্মার ভেতর থেকে টিনের কোর খুলে কপারগুলো বা তামাগুলো নিয়ে পালিয়ে গেছে। ট্রন্সফর্মার ক্যাচিং এর ভেতর যে তেল থাকে সেটাও নিয়ে গেছে। বাদবাকি সব ফেলে থুয়ে গেছে। মুলত কপার অর্থাৎ তামা এবং তেল চোরেরদল নিয়েগেছে। ট্রন্সফর্মার ৩টা খুলতে আনুমানিক তাদের প্রায় ৪৫ মিনিট সময় লাগতে পারে। ৩টি ট্রন্সফর্মার মধ্যে ২টা টিএস কোম্পানির এবং ১টা কনফিডেন্স কোম্পানির।

শাকিল রাইচ মিলের স্বত্বাধিকারী শাকিল আহসান বিদেশে থাকায় রাইচ মিলটি দেখাশুনার ও দায়-দায়িত্বে আছে শকিলের স্ত্রী’র ভাই জয়রামপুর গ্রামের মোস্তফা কামালের ছেলে তানভীর রহমান।

তিনি বলেন, রাইস মিলটি চালু করার জন্য জমি থেকে শুরু করে পল্লী বিদ্যুতের সংযোগ নেওয়া পর্যন্ত প্রায় ২২ লক্ষ টাকা খরচ হয়েছে। এর মধ্যে পল্লী বিদ্যুতের পোল এবং ট্রন্সফর্মা কেনা হয়েছে। এখন নতুন করে ট্রান্সফরমা বসাতে গেলে প্রায় আড়াই লক্ষ টাকা খরচ হবে। প্রতিটা ট্রান্সফরমা ছিল ১৫ কেভির। রাইস মিলটিতে বিদ্যুৎ সংযোগ না থাকা এবং নতুন করে ট্রান্সফরমা না বসানো পর্যন্ত আপাতত বন্ধ থাকবে মিলটি। এখানে মিস্ত্রি হেল্পার সহ মোট তিনজন লোক কাজ করে।

দর্শনা পল্লীবিদ্যুৎ অফিসের জুনিয়র ইন্জিনিয়ার ওমর ফারুক ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, ডুগডুগী শাকিল রাইচ মিলের বিদ্যুৎ সংযোগকৃত পোল থেকে ৩টা ট্রান্সফরমা চুরি হয়ে গেছে। যদি প্রথমবার চুরি হয় তাহলে গ্রাহকের অর্ধেক মূল্য পরিশোধ করলে নতুন করে ট্রান্সফর্মা দেওয়া হয়। আর যদি ২য় বার চুরি হয় তাহলে সম্পূর্ণ মূল্য পরিশোধ করে ট্রান্সফরমা নিতে হয়। এখন তাদের প্রথমবার চুরি হয়েছে কিনা এটা আমার জানা নেই ফাইল পত্র দেখতে হবে।

আমাদের দর্শনা পল্লী বিদ্যুৎ অফিসের পক্ষ থেকে আগামীকাল বুধবার দামুড়হুদা মডেল থানায় একটা এফআইআর করা হবে। যে ট্রান্সফরমা গুলো চুরি হয়েছে তার প্রতিটির ওজন আনুমানিক ১৩৫কেজি হবে। এর মধ্যে ৩৫কেজি তেল থাকে। তবে যারাই এধরণের দুঃসাহসিক চুরির কাজ করে তারা খুব বেশী দামে এসব বিক্রয় করতে পারেনা। ট্রান্সফরমার মধ্যে যে তেল থাকে সেটা ট্রান্সফরমার কাজে ছাড়া ব্যাবহার হয়না। কেউ যদি আগুন ধরানোর কাজে ওই তেল ব্যাবহার করে তাহলে করতে পারে। মূলত ট্রান্সফরমার কাজে ছাড়া ওই তেল ব্যাবহার হয়না।

এবিষয়ে দামুড়হুদা মডেল থানার ইন্সপেক্টর অপারেশন সফিউল আলম বলেন, বিষয়টি জানার পরে ঘটনাস্থল পরিদর্শন করা হয়েছে, আইনগত বিষয়টি প্রক্রিয়াধীন।

দামুড়হুদার ডুগডুগী বাজারে ভ্রাম্যমাণ আদালতের অভিযান, জরিমানা আদায়

দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের ডুগডুগি বাজারে ভ্রাম্যমান আদালতের মাধ্যমে তিনজন মোটরসাইকেল চালক ও একজন প্রকাশ্যে ধূমপায়ির জরিমানা করা হয়েছে। গতকাল বেলা সাড়ে ১২টার দিকে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট সানজিদা বেগম এই জরিমানা করেন।

জানা গেছে, মোটরসাইকেল সড়ক পরিবহন আইন ৬৬ ধারা মোতাবেক আলমডাঙ্গার সোবহান হোসেনের ছেলে আরজ আলীর ৩ হাজার টাকা, একই আইনে ডুগডুগি গ্রামের মৃত মুক্তার আলীর ছেলে হারুন অর রশিদ এর ১ হাজার টাকা এবং জীবননগর উথলী গ্রামের মজনু মিয়ার ছেলে এনামুল হক এর ১ হাজার টাকা জরিমানা করা হয়। একই সময় দর্শনা আজিমপুরের ফজলমিয়ার ছেলে আব্দুল হান্নান কে প্রকাশ্যে ধুমপান করার অপরাধে, ধূমপান তামাক জাত আইন ৪/৬ ধারা মোতাবেক ৩০০ টাকা জরিমানা করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন পেশকার আসমান আলী এবং দামুড়হুদা মডেল থানার একটি চৌকস টিম।